

নির্ভর

তুমি, নির্মল কর, মঞ্জল করে
মলিন মর্ম মুছায়ে;
তব, পুণ্যকিরন দিয়ে যাক, মোর
মোহো-কালিমা ঘুচায়ে।
লক্ষ্য-শূন্য লক্ষ্য বাসনা
ছুটিছে গভীর আঁধারে,
জানি না কখন ডুবে যাবে কোন্
অকুল-গরল-পাথারে!
প্রভু, বিশ্ববিপদহতা,
তুমি, দাণ্ডাও, বুধিয়া পংখা,
তব শ্রীচরন্তলে নিয়ে এসো, মোর
মত্ত-বাসনা গুছায়ে!
আছ, অনল-অনিলে, চিরনভোনীলে,
ভূধরসলিলে, গহনে,
আছ, বিটপিলতায়, জলদের গায়,
শশিতারকায় তপনে,
আমি, নয়নে বসন বাঁধিয়া,
ব'সে, আঁধারে মরিগো কাঁদিয়া;
আমি, দেখি নাই কিছু, বুঝি নাই কিছু,
দাও হে দেখায়ে বুঝায়ে।